মুজিবনগরে দুটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

মুজিবনগর উপজেলার শিবপুর এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে দুটি ব্যবসা প্রতিষ্ঠানের নিকট থেকে ১২ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১৩ই ডিসেম্বর) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুরের সহকারী পরিচালক সজল এ অভিযান পরিচালনা করেন। অভিযানে জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন। মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম এ অভিযানে সহায়তা করে।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, অভিযানে মুদিখানা, ফার্মেসি, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। শিবপুর গলাকাটা মোড়ে মেসার্স আয়ান স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও নির্ধারিত মুল্য থেকে অধিক মুল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স আজমির ট্রেডার্স নামক প্রতিষ্ঠানকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

গাংনীতে অ্যালকোহলসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে ১ কেজি ৭’শ গ্রাম অ্যালকোহলসহ খলিলুর রহমান

নামের এক মাদক কারবারিকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার গাংনী জেলা পরিষদ মার্কেটের তার নিজ দোকান থেকে অ্যালকোহল(রেকটিফাইব স্পিরিট)সহ তাকে আটক করে। আটককৃত খলিলুর রহমান গাংনী পৌর এলাকার ৭ নং ওয়ার্ড ভিটাপাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেম জানান, নিজ দোকানে মাদক রেখে কেনাবেচা করছে,এমন গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক মদন মোহন সাহা’র নেতৃত্বে এসআই খসরু আল মামুন,এএসআই জিএম শহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে ১’শ গ্রাম ওজনের ১৭ টি অ্যালকোহলের(রেকটিফাইব স্পিরিট) বোতল উদ্ধার করে। অবৈধ অ্যালকোহল(রেকটিফাইব স্পিরিট) দায়ে খলিলুর রহমানকে আটক করা হয়।

আটককৃত খলিলুর রহমানের বিরুদ্ধে ২০১৮ সালের ১০ উপধারায়(১) লংঘন করে একই আইনের ৩৬(১) সারণীর ২৪(ক) ধারায় মামলা পূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। ততিনি আআরো জানান,আগামীকাল মঙ্গলবার(১৩ ডিসেম্বর) জেলা আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনার

মেহেরপুর সরকারি মহিলা কলেজে মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনারের আয়োজন করা হয়। সোমবার সকালে কলেজ মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে আইন সহায়তা কেন্দ্র আসক মেহেরপুর জেলা শাখা।

সংগঠনের জেলা শাখার সহ-সভাপতি মহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও কবি মোঃ রফিকুল আলম, সহযোগী অধ্যাপক মোঃ আশরাফুল আলম।

মূল আলোচক ও প্রজেক্ট উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন আইন সহায়তা কেন্দ্র আসক ফাউন্ডেশনের কো অর্ডিনেটর এম এ মুহিত। মানবাধিকার ও নৈতিক শিক্ষা বিষয়ক সেমিনারে মেহেরপুর সরকারি মহিলা কলেজের ৭৫ ছাত্রী অংশগ্রহণ করে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর আসকের যুগ্ম সাধারণ সম্পাদক দিলারা জাহান।

গাংনীতে ঠিকাদার মিঠুর বিরুদ্ধে অ্যাসোসিয়েশন সংবাদ সম্মেলন

গাংনী উপজেলা এলজিইডির প্রকৌশলী ফয়সাল আহমেদকে গালিগালাজ ও সহকারি প্রকৌশলীকে লঞ্চিতের প্রতিবাদে ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে গাংনী উপজেলা ঠিকাদার অ্যাসোসিয়েশন।

সোমবার দুপুরে ঠিকাদার মজিরুল ইসলামের অস্থায়ী কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন সংগঠনটি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঠিকাদার আনিসুর রহমান।

লিখিত বক্তব্যে ঠিকাদার আনিসুর রহমান বলেন,গত ১১/১২/২০২২ ইং তারিখে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামের ভ’মি অফিস নির্মাণ কাজের বিভিন্ন ত্রুটি সংশোধন করতে বলায় মেসার্স মিঠু এন্টার প্রাইজের স্বত্বাধীকারি দেলোয়ার হোসেন মিঠু উপজেলা এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহমেদ ও উপসহকারী প্রকৌশলী শহিদুল ইসলামকে লাঞ্চিত করে দেলোয়ার হোসেন মিঠু। পরবর্তীতে দেলোয়ার হোসেন মিঠু প্রকৌশলীসহ অফিসের বিভিন্ন কর্মচারিদের বিরুদ্ধে নানা মিথ্যা ও বানোয়াট কথা বলে সংসাদ সম্মেলন করে মিথ্যা তথ্য

প্রকাশ করে। এতে গাংনীর সমস্ত ঠিকাদারেদর সুনাম নষ্ট করেছেন। আমরা তার তিব্র প্রতিবাদ জানায়। এছাড়াও এলজিইডি প্রকৌশলীকে আমরা কোন টাকা পার্সেন্ট প্রদান করিনা। তিনি সুনামের সাথে গাংনীতে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি আরও জানান, ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু আমাদের অ্যাসোসিয়েশনের কাওকে না জানিয়ে সংগঠনের নিয়ম বহির্ভুত কাজ করেছে। তার কর্মকান্ডে আমরা সকল ঠিকাদারগন বিব্রত। দেলোয়ার হোসেন মিঠুর এই কর্মকান্ডের জন্য তার উপযুক্ত শাস্তি দাবী করেন সংগঠনের নেতৃবৃন্দরা। ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠুর কাজের অনিয়ম ও ত্রুটির বিভিন্ন চিত্র প্রদর্শন করেন ঠিকাদার অ্যাসোসিয়েশন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঠিকাদার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মকলেচুর রহমান, ঠিকাদার রবিউল ইসলাম,ঠিকাদার মজিরুল ইসলাম, ঠিকাদার সোলায়মানসহ অনেকে।

মেহেরপুরে ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত

“প্রগতিশীল প্রযুক্তি, অন্তর্ভুক্ত মূলক উন্নতি” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জেলা প্রশাসনের আয়োজনে ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন করা হয়েছে।

সে উপলক্ষে সোমবার (১২ ডিসেম্বর) সকাল ১১ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) লিউজা-উল-জান্নাহ, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা আলিফ রেজা, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহীনুর রহমান রিটন, জেলা শিক্ষা কর্মকর্তা মাহাফুজুল হোসেন।

আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক এনামুল হক। আলোচনা সভায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে বিজয় দিবস উদযাপনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার লক্ষে আজ সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা অডিটোরিয়ামে প্রস্তুতি সভার অয়োজন করে গাংনী উপজেলা আওয়ামীলীগ।

এসভায় উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুলের সভাপতিত্বে প্রধান অথিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এসময় উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মস্তফা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ১৫ কাঠা জমির কলা তছরুপ

মুজিবনগর উপজেলার গোাপালপুর দক্ষিন পাড়ার মাঠে খাইরুল ইসলাম নামের এক কৃষকের ১৫ কাঠা জমির কলার কান্দি কেটে তসরুপ করেছে দূবৃর্ত্তরা।

গত শনিবার দিবাগত রাতের কোন এক সময় দুর্বৃত্তরা এ ঘটনা ঘটায়। এতে কৃষকের প্রায় ১লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন ক্ষতিগ্রস্থ চাষি।

ক্ষতিগ্রস্থ চাষি মহাজনপুর ইউনিয়নের গোপালপুর গ্রামের খাইরুল ইসলাম জানান, আমি দীর্ঘদিন ধরে আবাদ করে আসছি কিন্তু এ ধরনের সমস্যার সম্মুখীন হয়নি। সকালে জানতে পারি জমির কলা কান্দি রাতের আঁধারে কে বা কারা কেটে দিয়েছে। এবছর আমি ১৫কাঠা জমিতে কলা করেছিলাম। এই কলা বাগানে আমার ২০ থেকে ২৫ হাজার টাকা খরচ হয়েছে। পূর্ব শত্রুতার জের ধরে আমার ফসল কেটে দেওয়া হয়েছে। এতে আমার প্রায় ১ লাখ টাকার ক্ষতি হয়েছে। এ বিষয় নিয়ে মুজিবনগর থানায় জিডি করার প্রস্তুতি নিচ্ছে বলেও জানান ঐ কৃষক।

স্থানীয় ইউপি সদস্য আরিফ হোসেন জানান, শত্রুতা করে এভাবে একজন কৃষকের ক্ষতি করা খুবই অন্যায়। এটা আসলেই খুবই দুঃখজনক।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মেহেদী রাসেল বলেন, বিষয়টি শুনেছি অভিযোগ পেলে তদন্ত সাপক্ষে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

গাংনীতে ঠিকাদারের হাতে এলজিইডির সহকারি প্রকৌশলী লাঞ্চিত, থানায় অভিযোগ

গাংনীতে উপজেলা এলজিইডির সহকারি প্রকৌশলী শহিদুল ইসলামকে শারিরীক ভাবে লাঞ্চিত করার অভিযোগ উঠেছে ঠিাকাদার দেলোয়ার হোসেন মিঠুর বিরুদ্ধে । এসময় উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদকেও অকথ্য ভাষায় গালিগালাজ করেছে বলে অভিযোগ করেছেন প্রকৌশলী।

রবিবার বেলা সাড়ে ১১ টার সময় মটমুড়া ইউনিয়নের বাওটে একটি সরকারি ভবন নির্মান কাজ পরিদর্শনে গিয়ে এঘটনা ঘটে। এঘটনায় থানায় লিখিত অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। তবে শুধুমাত্র কথা কাটাকাটি হয়েছে

দাবী করেছেন ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু।

সহকারি প্রকৌশলী শহিদুল ইসলাম জানান, গাংনী উপজেলার,মটমুড়া ইউনিয়ন ভুমি অফিসের একতলা ভবন নির্মাণ কাজ পান গাংনীর ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু। যার নির্মাণ ব্যায় প্রায় ৬৫ লক্ষাধিক টাকা। কাজটি নির্মাণ কাজ শুরু হয় ১০/১০/২০২১ ইং তারিখে। তখন কাজের দেখভালের দায়িত্বে ছিলেন অন্যজন। উক্ত ভবন নির্মান কাজ প্রায় শেষের দিকে।

রবিবার সকালে উক্ত কাজ আমার স্যার উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ আমাকে সাথে নিয়ে কাজ পরিদর্শনে যান। কাজের অনেক ত্রুটি থাকায় আমরা ত্রুটিগুলো সংশোধন করতে বলি। এতে ঠিাকাদার দেলোয়ার হোসেন মিঠু রাগান্বিত হয়ে আমাকে কিলঘুসি মারে এবং আমার শার্টের কলার ধরে টানাহেচড়া করে। আমার স্যার বিষয়টির প্রতিবাদ করলে তার ওপর চড়াও হন মিঠু। এবং স্যারকেও অকথ্য ভাষায় গালিগালাজ করে। পরে অবস্থা বেগতিক দেখে আমরা অফিসে ফিরে আসি। তিনি আরও জানায় এঘটনায় থানায় একটি মামলা করার প্রস্তুতি চলছে।

গাংনী উপজেলা এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহম্মেদ জানান,সরকারি ভাবে আমাদের ওপর নির্দেশনা রয়েছে কোন ত্রুটি থাকা কাজের বিল সংক্রান্ত কাগজ পত্রে স্বাক্ষর করলে সমস্ত দ্বায়ভার প্রকৌশলীর ওপর পড়বে। সেখানে একটি কাজ বারবার পরিদর্শনে যাওয়া জরুরী। ভবন নির্মান কাজ প্রায় শেষের দিকে। তবে কাজের অনেক ত্রুটি বিচ্যুতি থাকায় ঠিাকাদার দেলোয়ার হোসেন মিঠুকে বারবার বলা হলে তিনি তা করেনি।

রবিবার সাড়ে ১১টার দিকে সহকারি প্রকৌশলী(সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার) শহিদুল ইসলামকে সাথে নিয়ে কাজ পরিদর্শনে যায়। সেখানে সহকারিকে মারধর করে এবং আমাকেও অকথ্য ভাষায় গালিগালাজ করে ঠিকাদার মিঠু। এঘটনায় শহিদুল ইসলামকে বাদী করে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করি।

ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু জানান, আমি প্রতিটি কাজের জন্য ৩% টাকা দিয়ে আসছি প্রকৌশলী ফয়সাল আহম্মেদকে। আমার বাওট গ্রামে নির্মাণাধীন কাজের জন্য দফায় দফায় তাকে ঘুষ দিতে হযেছে। আবারও তিনি কাজ পরিদর্শনের নামে আমাকে সহকারি প্রকৌশলী শহিদুল ইসলামের সাথে কথা বলতে বলেন। আমি শহিদুল ইসলামের সাথে কথা বল্লে তিনি ১০ হাজার টাকা ঘুষ দাবী করে বলেন স্যারকে ১০ হাজার টাকা দিন তাহলে

বিল ভাইচারে স্বাক্ষর করবেন। তা না হলে আপনাকে বিভিন্ন অযুহাতে বিল পরিশোধ করতে ঝামেলায় পড়তে হবে। তিনি আরও বলেন আমার কাজ ৮ মাস আগে নির্মাণকাজ শেষ করে বসে আছি। অনেক দায় দেনা করে কাজ শেষ করেও অফিস টাকা দিচ্ছেনা। পাওয়া দারদের টাকাও পরিশোধ করতে পারছিনা। এই নিয়ে কথাকাটাকাটি হয়েছে । লাঞ্চিত করার মত কোন ঘটনা ঘটেনি।

গাংনী থানার অফিসার ইনজার্চ(ওসি) আব্দুর রাজ্জাক জানান, এমন একঠি ঘটনায় থানায় লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা এলজিইউডি প্রকৌশলীর বিরুদ্ধে ঠিকাদারের সংবাদ সম্মেলন

গাংনী উপজেলা এলজিইডির প্রকৌশলী ফয়সাল আহমেদের বিরুদ্ধে ঘুষ বানিজ্যসহ নানা অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেছেন ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু।

রোববার বিকেলে তার নিজ প্রতিষ্ঠান এইচ এম ডায়াগনষ্টিক সেন্টারে সংবাদ সম্মেলনের আয়োজন করেন। সংবাদ সম্মেলনে এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহমেদের বিরুদ্ধে হয়রানী ও উৎকোচ নেয়ার অভিযোগ করা হয়েছে।

লিখিত বক্তব্যে ঠিকাদার দেলোয়ার হোসেন মিঠু জানান, তিনি মটমুড়া ইউনিয়ন ভূমি অফিসের একতলা ভবন নির্মাণ কাজ পান। প্রকৌশলী অফিসের নির্দেশ মতে গেল বছর ১০ অক্টোবর কাজটি শুরু করেন। ফয়সাল আহমেদ যোগদান করার পর থেকে এসও আলাউদ্দীন ও সার্ভেয়ার আকতার হোসেন বিভিন্ন সময়ে নানা কৌশলে টাকা হাতিয়ে নেন। প্রতিটি বিল বাবদ প্রকৌশলীকে ৩% আলাউদ্দীনকে ২% ও সার্ভেয়ারকে ১% ঘুষ দিতে হয়। এর পরও নানা অজুহাতে তিনবার নির্মাণ কাজ ভেঙ্গে ফেলতে হয়। পরে হারুন নামের একজন কনসালটেন্ট এসে বিভিন্ন ত্রুটি দেখিয়ে তা ঠিক করে নেন

এবং প্রকৌশলী ফয়সাল আহমেদ কনসালটেন্ট হারুনের নামে ২০ হাজার টাকা ঘুষ হিসেবে গ্রহন করেন। প্রকৌশলী ফয়সাল আহমেদ কাজ পরিদর্শন করেন ও বৈদ্যুতিক লাইনের কাজ সঠিক ভাবে করিয়ে নেন।

দেলোয়ার হোসেন আরো জানান, আজ রোববার বেলা ১১টার দিকে প্রকৌশলী ও শহিদুল ইসলাম নামের একজনকে নিয়ে কাজ পরিদর্শনে যান। সে সময় ভবনের গ্লাস লাগানো ও গেটের পাশে টাইল্স ভেঙ্গে একটি অ্যাঙ্গেল ঠিক করতে বলেন। কিন্ত কাজ শেষ হবার পর টাইল্স ভাঙ্গার বিষয়টি বিবেচনা করতে বললে প্রকৌশলী তার সাথে থাকা শহীদুল ইসলাম নামের ওই ব্যক্তির মাধ্যমে ১০ হাজার টাকা উৎকোচ দাবী করেন। অন্যথায় কাজটি হস্তান্তর ও বিল পেতে দেরী হবে বলেও জানানো হয়।

বিষয়টির প্রতিবাদ করায় প্রকৌশলী ফয়সাল আহমেদ নানা ধরনের অপপ্রচার চালাচ্ছেন। এমনকি মামলাসহ নানা ধরনের হয়রানীর হুমকী প্রদান করেন। গাংনীতে যোগদান করার পর ঠিকাদারদের কাছ থেকে অনৈতিক সুবিধা নিয়ে আসছেন প্রকৌশলী ফয়সাল আহম্দে। তার দুর্নীতি অনিয়ম ও অর্থবানিজ্যের বিষয়টি তদন্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহনসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেছেন তিনি।

মেহেরপুরে ‘বসত’ এর শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে শীতার্তদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করেছে ‘বসত’ নামের একটি সামাজিক সংগঠন। আজ শনিবার সকাল সাড়ে ১০টায় যাদবপুর রোডের সাংগঠনিক কার্যালয়ে এই শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

প্রতিবছরের মত এবারও এই কর্মসুচী বাস্তবায়ন করা হয়। হাড়কাঁপানো শীতের আগেই উল্লেখযোগ্য শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

সংগঠনের সভাপতি নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক সহ সংগঠনের সাধারণ সদস্যরা বিতরণের সময় উপস্থিত ছিলেন।

‘বসত’ সামাজিক সংগঠন হিসেবে প্রতি বছরই নানা ধরনের মানবিক কর্মসুচী পালন করে থাকে।